# আল-আ'রাফ | Al-A'raf | ٱلۡأَعۡرَاف

আয়াতঃ ৭ : ১২৫

## আরবি মূল আয়াত:

قَالُوا اِنَّا اِلٰی رَبِّنَا مُنقَلِبُوْنَ ﴿١٢٥﴾

## অনুবাদসমূহ:

তারা বলল, ‘নিশ্চয় আমরা আমাদের রবের কাছে প্রত্যাবর্তন করব। — আল-বায়ান

তারা বলল, আমরা অবশ্যই আমাদের প্রতিপালকের দিকে প্রত্যাবর্তন করব। — তাইসিরুল

তারা (যাদুকরেরা) বললঃ নিশ্চয়ই আমরা আমাদের রবের নিকট ফিরে যাব। — মুজিবুর রহমান

They said, "Indeed, to our Lord we will return. — Sahih International

১২৫. তারা বলল, নিশ্চয় আমরা আমাদের রবের কাছেই ফিরে যাব;

-

তাফসীরে জাকারিয়া

(১২৫) তারা বলল, ‘আমরা অবশ্যই আমাদের প্রতিপালকের নিকট ফিরে যাব। [1]

[1] এর একটি অর্থ হল, যদি তুমি আমাদের সাথে এরূপ ব্যবহার কর, তাহলে তোমার প্রস্তুত থাকা উচিত যে, পরকালে মহান আল্লাহ তোমার এই পাপের কঠিন শাস্তি দেবেন। কারণ মৃত্যুর পর তারই নিকট আমাদের সকলকেই ফিরে যেতে হবে। আর তাঁর শাস্তি হতে কে পরিত্রাণ পাবে? যেন ফিরআউনকে পৃথিবীর শাস্তিদানের পরিবর্তে পরকালের শাস্তির ভয় দেখানো হল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1079

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন